



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত
জয়পুরহাট।

তারিখঃ ০২ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ
১৬ মার্চ, ২০২৬ খ্রিঃ

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত মাইক্রোবাসটি নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রকাশ্য নিলামে বিক্রয় করা হবে। আগ্রহী ব্যক্তিদের আগামী ৩০/০৩/২০২৬ খ্রিঃ তারিখ রোজ সোমবার বিকাল ০৪.৩০ ঘটিকায় জয়পুরহাট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত প্রাঙ্গণে প্রকাশ্য নিলামে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী:

- আগামী ৩০/০৩/২০২৬ খ্রিঃ তারিখ রোজ সোমবার বিকাল ০৪.৩০ ঘটিকায় জয়পুরহাট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত প্রাঙ্গণে প্রকাশ্য নিলাম অনুষ্ঠিত হবে।
- সর্বোচ্চ দরদাতা/নিলাম ক্রেতাকে ক্রয়মূল্যের উপর বিধি মোতাবেক ভ্যাট ও ট্যাক্স প্রদান করতে হবে।
- চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, জয়পুরহাট-এর গ্যারেজে রক্ষিত মাইক্রোবাসটি অফিস চলাকালীন সময়ে পরিদর্শন করা যাবে।
- নিলামে অংশগ্রহণের পূর্বে জামানত হিসাবে যে কোনো তফসিলি ব্যাংক হতে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, জয়পুরহাট-এর অনুকূলে মাইক্রোবাসের জন্য ৫৯,৬০০/- (উনষাট হাজার ছয়শত) টাকা পে-অর্ডার (ফেরতযোগ্য) জমা দিতে হবে।
- ১৬/০৩/২০২৬ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় হতে ৩০/০৩/২০২৬ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরযোগ্য) চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, জয়পুরহাট-এর নেজারত শাখায় মাইক্রোবাসের জন্য সিডিউল বিক্রয় করা হবে। পে-অর্ডার ও সিডিউল জমাদানের শেষ সময় বিকাল ০৩.০০ ঘটিকা তারিখ ৩০/০৩/২০২৬ খ্রিঃ।
- পে-অর্ডার জমা ও সিডিউল ক্রয় ব্যতীত কেউ নিলামে অংশগ্রহণ করতে পারবেন না।
- সর্বোচ্চ দরদাতা/নিলাম ক্রেতাকে পরবর্তী এক কার্যদিবসের মধ্যে অবশিষ্ট টাকা পরিশোধ করতে হবে।
- মাইক্রোবাসটির রেজিস্ট্রেশন সনদ, ট্যাক্স টোকেন ও ফিটনেস সনদ যে অবস্থায় যে পর্যন্ত নবায়ন আছে সে অবস্থায় ও সে পর্যন্ত নিলামযোগ্য।
- মাইক্রোবাসটি সংরক্ষিত মূল্য ২,৯৮,০০০/- (দুই লক্ষ আটাত্ত্বই হাজার) টাকা। উক্ত মূল্যের নিচে দরপত্র গ্রহণযোগ্য নহে।
- কোনো প্রকার কারণ দর্শানো ছাড়া কর্তৃপক্ষ নিলামের যেকোনো পর্যায়ে নিলাম কার্যক্রম বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

'তফসিল'

ক্রমিক নং	নিলামযোগ্য গাড়ির নম্বর	নিলামযোগ্য গাড়ির বিবরণ	পরিমাণ
০১	মাইক্রোবাস নম্বর ঢাকা মেট্রো-ঢ-৫৩-১২৭৪	ইঞ্জিন নং- QR25-638223A চেসিস নং- JN1TA4E25Z0-001241 যানের শ্রেণি- নিশান মাইক্রোবাস সিসি- ২৫০০	০১ টি

(মিলন চন্দ্র পাল)

অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট

ও

সভাপতি, মাইক্রোবাস নিলাম বিক্রয় কমিটি
জয়পুরহাট।